Aviation and Aerospace University, Bangladesh
অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (এএইউবি)

স্নাতকোত্তর শ্রেণির ভর্তি-নির্দেশিকা

শিক্ষাবর্ষঃ ২০২৬-২০২৭

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তির যোগ্যতা/মানদণ্ড (Admission Criteria)

এমবিএ ইন অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট (MBA in Aviation Management)

ক। **শিক্ষাগত যোগ্যতার বিবরণঃ**

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমানের দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণি/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশকৃত অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড অথবা সমমানের দেশী/বিদেশি বোর্ড থেকে গ্রেড/বিভাগ/শ্রেণি/সিজিপিএ/জিপিএ পদ্ধতিতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

(৩) ইউজিসি স্বীকৃত ও অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে ০৪ (চার) বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা স্নাতকোত্তরসহ ০২ (দুই) অথবা ০৩ (তিন) বছরের স্নাতক ডিগ্রী। উল্লেখ্য, স্নাতক (সম্মান)/স্নাতক ডিগ্রীতে কমপক্ষে ২য় শ্রেণি অথবা গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৩.০০ অথবা ৪.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ

মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তরসহ স্নাতক এর যেকোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ/জিপিএ কোনক্রমেই গ্রহণযোগ্য নয়। ভর্তির যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে বিদেশ হতে অর্জিত ডিগ্রীর সিজিপিএ/জিপিএ/ বিভাগ/শ্রেণি সমমানের সিজিপিএ/জিপিএ/বিভাগ/শ্রেণি সমতাকরণে শিক্ষা মন্ত্রণালয়/ ইউজিসি কর্তৃক নির্দেশিত গাইডলাইন অনুসৃত হবে এবং এ সংক্রান্ত সকল কাগজপত্রের অনুলিপি অবশ্যই ভর্তির সময় জমা দিতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল করা হবে। আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য ও বিবরণ অবশ্যই যথাযথ ও সঠিক হতে হবে। ভর্তি পরবর্তীতে কোনভাবেই আবেদনপত্রে উল্লিখিত কোন প্রকার তথ্য সংশোধনযোগ্য নয়। প্রার্থীর আবেদনপত্রের তথ্য/ডাটা ভুল বা অসত্য প্রমাণিত হলে কারন দর্শানো ব্যতিত ভর্তি বাতিল করা হবে।

খ। **চাকুরীর অভিজ্ঞতার বিবরণঃ** অ্যাভিয়েশন সেক্টরে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে ভর্তির ক্ষেত্রে প্রাধান্য দেয়া হবে।

বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর প্রোগ্রামসমূহে ভর্তির জন্য নির্ধারিত ফি সংক্রান্ত তথ্যাবলীঃ

অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ -এ ২০২৬-২৭ শিক্ষাবর্ষে ০২ বছর মেয়াদী স্নাতকোত্তর প্রোগ্রামসমূহে নিম্নোক্ত হারে অনুমোদিত ফি সমূহ নির্ধারিত হয়েছেঃ

এমবিএ ইন অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট (MBA in Aviation Management) ০৪-সেমিস্টারে প্রদেয়:

ক্রমিক নং	বিবরণ	নির্ধারিত ফি
(১)	১ম সেমিস্টার ভর্তি ফিসহ	৪৯,৮০০/-
(২)	২য় সেমিস্টার	২০,৫৫০/-
(৩)	৩য় সেমিস্টার	২১,২০০/-
(৪)	৪র্থ সেমিস্টার	২১,১৫০/-
সর্বমোট		**১,১২,৭০০/-**
ফেরৎযোগ্য (কোর্স সমাপ্তির পর)		৫,০০০/-